

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

www.bb.org.bd

২৮ ভাদ্র, ১৪২০

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩-২৬

তারিখ : -----

১২ সেপ্টেম্বর, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ২৬(৫৮) অনুচ্ছেদ
স্থগিত পূর্বক লবণ আমদানি উন্মুক্তকরণ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক ০৫-০৯-২০১৩ তারিখে জারিকৃত লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ২৬(৫৮) অনুচ্ছেদ ২২-০৯-২০১৩ তারিখ পর্যন্ত স্থগিতকরণ এবং ২২-০৯-২০১৩ তারিখ পর্যন্ত শর্ত সাপেক্ষে সাধারণ লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) আমদানিযোগ্য ঘোষণাকরণ সংক্রান্ত গণবিজ্ঞপ্তিটির (নং-১৯(২০১২-২০১৫)/আমদানি) প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

(মোঃ জাহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫১২৬০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

গণবিজ্ঞপ্তি নং- ১৯ (২০১২-২০১৫)/আমদানি
(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)

তারিখ : ২১ ভাদ্র ১৪২০
০৫ সেপ্টেম্বর ২০১৩

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর ২৬(৫৮) অনুচ্ছেদ ২২ সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত স্থগিত করা হইল এবং ২২ সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত নিম্নলিখিত শর্তে সাধারণ লবণ (এইচ.এস. হেডিং নং- ২৫.০১) আমদানিযোগ্য করা হইলঃ

শর্তঃ-

- ক) একজন লবণ মিল মালিক সর্বোচ্চ ১০ (দশ) হাজার মেঃ টন ক্রুড লবণ আমদানির জন্য ঋণপত্র প্রতিষ্ঠা করিতে পারিবেন। লবণ আমদানির নিমিত্ত ঋণপত্র প্রতিষ্ঠা করার পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে আমদানিকারককে ঋণপত্রের অনুলিপি সহ সকল তথ্য প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;
- খ) ঋণপত্র প্রতিষ্ঠার ৩০ দিনের মধ্যে লবণ জাহাজীকরণ করিতে হইবে;
- গ) প্রতিদিনকার ঋণপত্র প্রতিষ্ঠার তথ্য বাংলাদেশ ব্যাংক সংগ্রহ করিয়া প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করিবেন।

(এ.কে,এম,মাহমুদুল হাসান খান)
উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।
controller.chief@yahoo.com